

## যঙ্গিফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৪১৮

১/ বিবিধ

আরবী

شر الناس شرار العلماء

ضعيف

رواه ابن عدي (101/2) عن حفص بن عمر أبي إسماعيل: حدثنا ثور بن يزيد عن خالد

ابن معدان عن مالك بن يخامر عن معاذ بن جبل قال  
كنت أطوف مع رسول الله صلى الله عليه وسلم، فقلت: يا رسول الله! من أشر الناس؟ فأعرض عني، ثم سأله ف قال: " شرار العلماء  
وقال

" لا أعرفه إلا من حديث حفص بن عمر الأبلبي، وأحاديثه كلها؛ إما منكر المتن  
أو منكر الإسناد، وهو إلى الضعف أقرب

قلت: وكذبه أبو حاتم والساجي، ولكنه لم يتفرد به، فقد رواه البزار (167)  
( عن الخليل بن مرة عن ثور بن يزيد به نحوه

وأورده المنذري في "الترغيب" (1/77) وقال

" رواه البزار وفيه الخليل بن مرة، وهو حديث غريب

قلت: الخليل هذا ضعفه الجمهور، وهو من أتباع التابعين

وله شاهد مرسل أخرجه الدارمي (1/104) : أخبرنا نعيم بن حماد: حدثنا بقية  
عن الأحوص بن حكيم عن أبيه قال

"**سأْلَ رَجُلَ النَّبِيِّ عَنِ الْشَّرِّ؛ فَقَالَ: لَا تَسْأَلُنِي عَنِ الْشَّرِّ، وَاسْأَلُنِي عَنِ الْخَيْرِ**  
يقولها ثلاثة. ثم قال: **أَلَا إِنَّ شَرَّ الشَّرِّ شَرَّ الْعُلَمَاءِ، وَإِنَّ خَيْرَ الْخَيْرِ خَيْرِ**

**الْعُلَمَاءِ**

قلت: وهذا مرسل، حكيم أبو الأحوص تابعي، وهو صدوق يهم. ومن دونه كلام  
**ضعفاء**

বাংলা

১৪১৮। সর্বাপেক্ষা নিকৃষ্ট মানুষ হচ্ছে নিকৃষ্ট আলেমরা।

হাদীসটি দুর্বল।

হাদীসটি ইবনু আদী (২/১০১) হাফস ইবনু উমার আবু ইসমাইল হতে, তিনি সাওর ইবনু ইয়ায়ীদ হতে, তিনি খালেদ ইবনু মিদান হতে, তিনি মালেক ইবনু যুখামির হতে, তিনি মুয়ায ইবনু জাবাল (রাঃ) হতে বর্ণনা করেছেন। তিনি বলেনঃ আমি রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে তাওয়াফ করতেছিলাম। আমি বললামঃ হে আল্লাহর রসূল! কে সর্বাপেক্ষা নিকৃষ্ট মানুষ? তিনি আমার থেকে মুখ ফিরিয়ে নিলেন। তাকে আমি আবার প্রশ্ন করলাম। তিনি আমার থেকে মুখ ফিরিয়ে নিলেন। আমি আবারও তাকে প্রশ্ন করলাম। তিনি বললেনঃ নিকৃষ্ট আলেমগণ।

ইবনু আদী বলেনঃ আমি এটিকে একমাত্র হাফস ইবনু উমার উরুল্লীর হাদীস হতেই চিনি। আর তার সব হাদীসগুলোরই হয় ভাষা মুনকার অথবা সনদ মুনকার। তিনি দুর্বল হওয়ার দিকেই বেশী নিকটবর্তী।

আমি (আলবানী) বলছিঃ তাকে আবু হাতিম ও সাজী মিথ্যক আখ্যা দিয়েছেন। কিন্তু তিনি এককভাবে বর্ণনা করেননি। হাদীসটিকে বায়ার (১৬৭) খালীল ইবনু মুররা হতে, তিনি সাওর ইবনু ইয়ায়ীদ ... হতে তার মতই বর্ণনা করেছেন।

এটিকে মুনয়েরী “আত-তারগীব” গ্রন্থে (১/৭৭) উল্লেখ করে বলেছেনঃ হাদীসটিকে বায়ার বর্ণনা করেছেন। তার সনদে খালীল ইবনু মুররা রয়েছেন। হাদীসটি গারীব।

আমি (আলবানী) বলছিঃ এর একটি মুরসাল শাহেদ রয়েছে সেটিকে দারেমী (১/১০৪) নুয়াইম ইবনু হাম্মাদ হতে, তিনি বাকিয়াহ হতে, তিনি আলআহওয়াস ইবনু হাকীম হতে, তিনি তার পিতা হতে বর্ণনা করেছেন, তিনি বলেনঃ এক ব্যক্তি রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে মন্দ ব্যাপারে প্রশ্ন করলে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তোমরা আমাকে মন্দ সম্পর্কে প্রশ্ন করো না, আমাকে ভালো বিষয় সম্পর্কে জিজ্ঞেস করো। তিনি কথাটি তিনবার বলার পর বললেনঃ অবশ্যই নিকৃষ্ট আলেমরাই হচ্ছে সর্বাপেক্ষা বেশী নিকৃষ্ট। আর ভালো আলেমরা

হচ্ছেন সর্বাপেক্ষা বেশী ভালো।

আমি (আলবানী) বলছিঃ এটি মুরসাল। হাকীম আবুল আহওয়াস তাবেঙ্গ। তিনি সত্যবাদী কিন্তু সন্দেহ পোষণ করতেন। আর তার নিচের বর্ণনাকারী সকলেই দুর্বল।

হাদিসের মান: যঙ্গেফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72297>

১ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন